৭০	৯৯	০.০১
৬৩	১০০	০.১০
৫৯	১০১	০.০১
৭০	১০২	০.০৪
৪৪	১০৩	০.০৪
২৫	১০৪	০.০২
৫৭	১০৫	০.০৫
১৩৭	১০৬	০.০১
২৫	১০৭	০.০৩
৪৪	১০৮	০.০৩
৪৮	১১১	০.০৪
১৭১	১১২	০.০১
১৩৭	১১৩	০.০১
৭০	১১৪	০.০৪
	সর্বমোট =	২.৭৩ একর

মোঃ মাহমুদুল আলম
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
(রাজস্ব শাখা)

বিজ্ঞপ্তি

তারিখ, ৬ নভেম্বর ২০১৪

নং ০৫.৫৫.৮৫০০.০১০.০১.০৪৬.১৪-২১৮৪(২৪০)—এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুদ্রণ, লেখসামগ্রী ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, বগুড়া হতে সরবরাহকৃত আর, আর বহির ডি-৮৬২৪২৭ হতে ডি-৮৬২৪৩৩ নং পর্যন্ত মূল ও কার্বন পাতা সংযুক্ত নাই।

এমতাবস্থায়, উপরে বর্ণিত আর আর বহির মূল ও কার্বন পাতা নং ডি-৮৬২৪২৭ হতে ডি-৮৬২৪৩৩ পর্যন্ত এতদ্বারা বাতিল করা হলো। যদি কেহ বর্ণিত পাতাগুলি কোন অফিস/আদালতে বা নিজ স্বার্থে ব্যবহার করেন, তবে তা অবৈধ বা বে-আইনী বলে গণ্য হবে এবং ব্যবহারকারী আইনতঃ দণ্ডনীয় হবেন।

ফরিদ আহাম্মদ
জেলা প্রশাসক।

জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা
(এল, এ, শাখা)
এল. এ. কেস নং ০৬/২০০৯-১০
(৫নং বিধি দ্রষ্টব্য)

ঘোষণা

[১১(২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, নিম্নে উল্লিখিত তফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হবে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপুরণ প্রদান করা হবে বলিয়া গণ্য হয়েছে;

সেহেতু এক্ষণে উক্ত অধ্যাদেশের ১১ নং ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হলো।

তফসিল

মৌজা নাওভাঙ্গা, জে, এল, নং-২০৭, উপজেলা গোবিন্দগঞ্জ, জেলা গাইবান্ধা।

খতিয়ান নং	দাগ নং	অধিগ্রহণকৃত জমি (একরে)	বর্তমান শ্রেণী
৮৪	৭	০.১৭	দলা
৩৭	৮	০.১৮	দলা
৮৪	৯	০.০৬	দলা
৩৭	১০	০.০৮	দলা
৯৪, ১০৮	১১	০.০২	দলা
২৯, ৩০	১২	০.০১	দলা
৯৪, ১০৮	১৩	০.০৮	দলা
২৯, ৩০	১৪	০.০৬	দলা
৩৭	১৫	০.০৭	দলা
২৯, ৩০	২২	০.০৮	দলা
১০৪, ১০৫	২৩	০.৩৩	দলা
২৯, ৩০	২৪	০.০৩	দলা
৩৭	২৮	০.০৪	দলা
৯৪, ১০৮	২৯	০.০১	দলা
২৯, ৩০	৩০	০.২২	দলা
৮৪	৩১	০.০৯	দলা
৩৭	৩২	০.০৬	দলা
১০৪, ১০৫	৩৩	০.০২	দলা
২৯, ৩০	৩৫	০.০২	দলা
২৯	৬৩৬	০.০৭	ভিটা
২৯	৬৩৭	০.০২	ভিটা
২৯	৬৩৮	০.১৩	ভিটা
৩৭	৬৩৯	০.০৬	ভিটা
৮৪	৬৪০	০.০১	দলা
৮৪	৬৪৮	০.০১	ভিটা
৩৭, ৮৪	৬৪৯	০.০৩	ভিটা
১০৪, ১০৫	৬৫১	০.১৭	ভিটা
৯৪, ১০৮	৬৫২	০.১২৯	ভিটা
৩৭	৬৫৪	০.০১	দলা
৮৪	৬৫৫	০.০৪	দলা
৩৭	৬৫৬	০.১৬	দলা
৯৪, ১০৮	৬৫৭	০.০৮	দলা
৮৪	৬৭৩	০.০৪	দলা
১১৭	৬৭৪	০.০৬	দলা
১৩১	৬৭৫	০.০৪	দলা
১২৪, ১২৫	৬৭৬	০.১০	দলা
৮৪	৬৭৭	০.০৮	দলা
৩৭	৬৭৮	০.০৪	দলা
৮৪	৬৭৯	০.০১	দলা
৮৪	৬৮০	০.০১	দলা
৩৭	৬৮১	০.০৩	দলা
৩৭	৬৮২	০.০১	দলা

খতিয়ান নং	দাগ নং	অধিগ্রহণকৃত জমি (একরে)	বর্তমান শ্রেণী
১৩১	৬৮৯	০.০৭	ভিটা
১৩৩	৬৯০	০.০৫	ভিটা
১৩৩	৬৯১	০.০৪	ভিটা
১৩৩	৬৯২	০.০২	ভিটা
১৩৩	৬৯৩	০.০২	ভিটা
১৩১	৬৯৪	০.০৩	ভিটা
১৩৩	৬৯৫	০.০২	ভিটা
১৩৩	৬৯৬	০.০২	ভিটা
১৩১	৬৯৭	০.০৪	ভিটা
৮৫	৬৯৮	০.২৫	দলা
১৩০	৭০২	০.০৯	ভিটা
১২৪, ১২৫	৭০৪	০.০২	দলা
২০, ৫২, ৮৫	৭০৫	০.০৬	ভিটা
১২২, ১২৭, ১২৮, ১৩৫	৭০৬	.০২	ভিটা
২০	৭০৭	০.০৩	ভিটা
৬, ১০০	৭০৮	০.১০	ভিটা
২০	৭০৯	০.০৮	ভিটা
৬, ১০০	৭১৪	০.০২	দলা
১২৫, ১৩০	৭১৫	০.০২	দলা
১৩৫	৭১৬	০.০৯	দলা
১২২	৭১৭	০.০২	দলা
১০০, ১২২, ১২৩, ১২৭, ১২৮, ১৩৫	৭১৮	০.৩৪	দলা
৬	৭১৯	০.০৬	নদী
৫২	৭২০	০.০৪	নদী
২০	৭২১	০.০৭	নদী
৮৪	৭২২	০.০৭	নদী
১৩০	৭৩৬	০.০৩	নদী
৫২	৭৩৯	০.০১	নদী
৬, ১০০	৭৪০	০.০৩	নদী
১২৪, ১৩০	৭৪১	০.০৪	নদী
৫২	৭৪২	০.০৫	নদী
৬	৭৪৩	০.০৩	নদী
৮৪	৭৪৪	০.০৫	নদী
৮৫	৭৪৫	০.০৭	নদী
১৩৫	৭৪৬	০.০১	নদী
১২৭	৭৪৭	০.০১	নদী
১২৩	৭৪৯	০.০২৫	নদী
৮৪, ৮৫	৭৫০	০.০৯	নদী
৫২	৭৫১	০.০৪	দলা
২০	৭৫২	০.২৭	দলা
১৩৫	৭৫৩	০.০০৫	দলা
৫২	৭৫৫	০.২৫	দলা
২১	৭৫৬	০.১৫	দলা
৬	৭৯৯	০.০৩	দলা
৫২	৮০০	০.০২	দলা
১১০	৮০১	০.০২	দলা
১১২	৮০২	০.০১	দলা
	মোট =	**৫.৮৯৯ একর**	

মৌজা কাজলা, জে এল নং ২০৯, উপজেলা গোবিন্দগঞ্জ, জেলা গাইবান্ধা।

খতিয়ান নং	দাগ নং	অধিগ্রহণকৃত জমি (একরে)	বর্তমান শ্রেণী
১, ৯৪, ৯৫	৩০৪	০.২২	দলা
৩১	৯৫০	০.০২	দলা
৩১	৯৫২	০.০২	দলা
৩৭	১০৩১	০.০১	দলা
৩৬	১০৩২	০.৪৩	দলা
৪৫	১০৩৩	০.০৫	দলা
৪৫	১০৩৪	০.১৭	দলা
৩৯	১০৩৫	০.১৪	দলা
৫২	১০৩৭	০.২০	দলা
৪১	১০৩৮	০.০৫	দলা
৪১	১০৪৬	০.০৯	দলা
৩৬	১০৪৭	০.২৪	দলা
২১	১০৪৮	০.০৩	দলা
৬৪, ৬৫	১০৪৯	০.০৯	দলা
৩৭	১০৫০	০.০৫	দলা
৫০	১১২৪	০.২৪	দলা
৬৪, ৬৫	১১২৫	০.৪৪	দলা
৬৪, ৬৫	১১২৬	০.০৩	দলা
৫০	১১২৯	০.০৩	দলা
৩৭	১১৪৫	০.০৮	দলা
৩৭	১১৪৬	০.২০	দলা
৩৭	১১৪৭	০.১৬	দলা
৭৮	১১৪৮	০.১৬	দলা
৪৮	১১৪৯	০.০৮	দলা
১১২	১১৫১	০.০৮	দলা
১	১১৬৯	০.২০	দলা
৩৭	১১৭১	০.০২	দলা
	মোট =	৩.৫৩ একর	

মৌজা বড়দহ, জে এল নং ২০৮, উপজেলা গোবিন্দগঞ্জ, জেলা গাইবান্ধা।

খতিয়ান নং	দাগ নং	অধিগ্রহণকৃত জমি (একরে)	বর্তমান শ্রেণী
২৮৬	৭০০	০.০৩	ভিটা
৩৫৭	৭০১	০.১২	ভিটা
২৫৪	৭০৩	০.০৭	ভিটা
৩৪৮, ৩৫৯, ৩৯৭	৭০৪	০.০৬	ভিটা
৩৫৯	৭৪৪	০.০১	ভিটা
৩৪৮, ৩৯৭, ২৮৬, ৩৫৯	৭৪৫	০.০৯	ভিটা
৩৫৭	৭৪৬	০.০২	ভিটা
২৮৪, ৩৫৭	৭৪৭	০.১২	ভিটা
২৫৪	৭৪৮	০.০৫৬	ভিটা
৩৫৭	৭৪৯	০.১৩	ডোবা
৪৩০	৭৫০	০.০১	ভিটা
৪০৯	৭৫১	০.০৩	ভিটা
২৭৮	৭৫২	০.১৬	ভিটা/দলা
৪১১	৭৫৩	০.৪৫	দলা/ভিটা
৪০৯	৭৫৪	০.০২	ভিটা
৪১০	৭৫৫	০.১০	ভিটা
২৭৮	৭৫৬	০.০৩	ভিটা
৩২৮	১০৪২	০.০২	দলা
৩৪৮	১০৪৩	০.১৯	দলা
২৮৪	১০৪৪	০.০৪	দলা
৩৯৭	১০৪৫	০.০৭	ভিটা
২৭৮	১০৪৬	০.১০	ভিটা
৩৬১	১০৪৭	০.০৩	ডোবা
৩৫৭	১০৬০	০.৪৬	দলা
৩৯৭	১০৬৫	০.০১	দলা
২৮৪	১০৬৬	০.০৯	দলা
২৫৪	১০৬৭	০.২৩	দলা
৩৫৭	১০৬৮	০.০২	দলা
৩৯৭	১০৭০	০.০১	দলা
৩৬৩	১০৭১	০.১৭	দলা
	মোট =	২.৯৪৬ একর	

সর্বমোট ১২.৩৭৫ একর (কম/বেশী)।

আলেয়া খাতুন
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
এল, এ (সাঃ) শাখা
১৯৮২ সনের সম্পত্তি অধিগ্রহণ কেস নং ১৮/২০১২-১৩
ফরম চ
(৬ নং বিধি দ্রষ্টব্য)
বিজ্ঞপ্তি
[১২(২) ধারা মোতাবেক]

যেহেতু, ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর অধীনে নিম্নোক্ত তফসিলে বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের ক্ষেত্রে ১৮/২০১২-১৩ নং কেসের কার্যধারা ২০১৩ সনের ২৭ মে তারিখে শুরু করা হইয়াছিল, অথচ ইহার জন্য এখন পর্যন্ত কোন ক্ষতিপূরণ প্রদান করা হয় নাই।

সেহেতু এক্ষণে, উপরোক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা মোতাবেক বর্ণিত ক্ষমতাবলে আমি সরকারের পূর্ণ অনুমোদন গ্রহণ করিয়া উক্ত সম্পত্তি হুকুমদখল সম্পর্কিত সমুদয় কার্যধারা প্রত্যাহার/রদ করিলাম।

তফসিল

মৌজা মুজগুন্নী, জে, এল, নং-১১, উপজেলা খালিশপুর, জেলা খুলনা।

দাগ নং (আর, এস)	পূর্ণ/আংশিক	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
২১১০	আংশিক	০.০৫
	মোট =	০.০৫ একর

আনিস মাহমুদ
জেলা প্রশাসক।

জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট
(ভূমি অধিগ্রহণ শাখা)
এল, এ কেস নং ৮০/৬৪-৬৫ এর মাধ্যমে অধিগ্রহণকৃত ভূমির
মধ্যে অব্যবহৃত ভূমি পুনঃগ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন, ১৯৪৮ এর বিধান মতে সড়ক ও জনপথ বিভাগরে অনুকূলে সড়ক নির্মাণের জন্য ৮০/৬৪-৬৫ নং এল, এ কেসের মাধ্যমে অধিগৃহীত নিম্ন তফসিল বর্ণিত ৩.৭৭ একর ভূমি অব্যবহৃত এবং প্রয়োজনের অতিরিক্ত অবস্থায় পড়ে আছে।

যেহেতু, অধিগ্রহণকৃত জমি দীর্ঘদিন যাবৎ অব্যবহৃত অবস্থায় পড়ে থাকলে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২-এর ১৭(১) ও ১৭(২) ধারামতে অধিগৃহীত সম্পত্তি সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে যে উদ্দেশ্যে অধিগ্রহণ করা হয়েছে তা ব্যতীত ভিন্ন কোন কাজে ব্যবহার করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে উক্তরূপ সম্পত্তি জেলা প্রশাসক বরাবর বাধ্যতামূলকভাবে সমর্পণ করার বিধান রয়েছে। এ ছাড়া স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল ১৯৯৭ এর ৭৭ ও ৭৮ নং অনুচ্ছেদে একই রকম নির্দেশনা রয়েছে। অধিগ্রহণকৃত অব্যবহৃত জমি সম্পর্কে সরেজমিনে পরিমাপ করে সার্ভেয়ার, কানুনগো এবং অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা প্রতিবেদন এবং গত ৩০-৪-২০১৪ তারিখে জেলা রিজিউম কমিটির সভায় নিম্নবর্ণিত জমি পুনঃগ্রহণ (রিজিউম) করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল ১৯৯৭ এর ৭৭ ও ৭৮ নং অনুচ্ছেদের বিধান মোতাবেক নিম্ন তফসিল বর্ণিত ৩.৭৭ (তিন দশমিক সাত সাত) একর জমি পুনঃগ্রহণক্রমে (রিজিউম) ১নং সরকারি খাস খতিয়ানে আনয়ন করার আদেশ প্রদান করা হলো।

তফসিল

জেলা-বাগেরহাট, উপজেলা বাগেরহাট সদর, মৌজা-ফুলবাড়ী, জে, এল, নং ১০৮

খতিয়ান নং	দাগ নং (এস, এ)	অধিগ্রহণকৃত/ হুকুম দখলকৃত জমি	পুনঃগ্রহণ (রিজিউমকৃত) জমি
২০, ২১	৬২	০.৫৫	০.০১
২৫	৮৯	১.৮৮	১.১০
২	১০৭	০.১১	০.০৭
		উপ-মোট =	১.১৮ একর

জেলা বাগেরহাট, উপজেলা বাগেরহাট সদর, মৌজা-চুনাখোলা, জে, এল, নং ১২৫

খতিয়ান নং	দাগ নং (এস, এ)	অধিগ্রহণকৃত/ হুকুম দখলকৃত জমি	পুনঃগ্রহণ (রিজিউমকৃত) জমি
২	১	০.১১	০.০৭
১১৪, ১১৮, ১১৯, ১২০, ১২১	৪	১.৭৬	০.৯১
৮৩	১৯১	১.৪৮	০.২৩
১১৪, ১১৮, ১১৯, ১২০, ১২১	১৯২	২.০২	১.২১
১১৪, ১১৮, ১১৯, ১২০	৩২০	০.২৮	০.১৭
		উপ-মোট =	২.৫৯ একর

মোট পুনঃগ্রহণকৃত (রিজিউম) জমি = (১.১৮ একর + ২.৫৯ একর) = ৩.৭৭ একর।

মাহমুদুর রহমান
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
ভূমি অধিগ্রহণ শাখা।
১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ
কেস নং (সাঃ)-০২/২০০৯-২০১০
"ঘ"
(৫ নং বিধি দ্রষ্টব্য)

ঘোষণা

[১১(২) ধারা মোতাবেক]

যেহেতু এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন-তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ এবং হুকুমদখল অধ্যাদেশ, ১৯৮২(২ নং অধ্যাদেশ)-এর ১০ ধারা মোতাবেক উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে বা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১(২) ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

মৌজা ৩৬ নং নিশ্চিন্তপুর, উপজেলা-কালীগঞ্জ, জেলা ঝিনাইদহ।

খতিয়ান নং	দাগ নং	দাগে মোট জমির পরিমাণ (একর)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর)
২৯৯	৫৮৭	০.৮১	০.১২৩৫
৫২০	৫৮৮	০.৫১	০.২০৬৫
		মোট =	০.৩৩ একর

মোঃ শফিকুল ইসলাম
জেলা প্রশাসক।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

বিজ্ঞপ্তি

তারিখ, ৯ ডিসেম্বর ২০১৪

নং ০৫.৪১.০৩৭৪.০০০৪১.০০৭.১৩-৭৭৯—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) অধ্যাদেশ ১৯৮৩-এর ১১ ও ১২ ধারা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সদস্য/সদস্যা পদত্যাগ, অপসারণ এবং শূন্যতা বিধিমালা ১৯৮৪ এর ১৩ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে আমি মোঃ লোকমান হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, রূপগঞ্জ উপজেলাধীন মুড়াপাড়া ইউনিয়ন পরিষদের সংরক্ষিত ০২ নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব রওশনারা বেগম, স্বামী-মাবিয়া মিয়া, গ্রাম-মাছিমপুর, ডাকঘর-মুড়াপাড়া, উপজেলা-রূপগঞ্জ, জেলা-নারায়ণগঞ্জ, গত ০৭ ডিসেম্বর, ২০১৪ তারিখ সকাল ১০.৫০ ঘটিকায় নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যু জনিত কারণে ০৮ ডিসেম্বর, ২০১৪ তারিখ হতে মুড়াপাড়া ইউনিয়ন পরিষদের সংরক্ষিত ০২ নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

মোঃ লোকমান হোসেন
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পূর্বধলা, নেত্রকোণা।

বিজ্ঞপ্তি

তারিখ, ৩০ নভেম্বর ২০১৪

নং ০৫.৩০.৭২৮৩.০০৬.১৮.০১১.১৪-৭১৯(৫)—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলাধীন পূর্বধলা উপজেলার ২নং হোগলা ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য জনাব তালবক্স ফকির, পিতা-মৃত আঃ রহিম ফকির, গ্রাম-দামপাড়া, পূর্বধলা, নেত্রকোণা গত ২৪-১১-২০১৪ খ্রিঃ তারিখ রোজ সোমবার স্ট্রোকজনিত কারণে নিজ বাড়িতে মৃত্যুবরণ করেছেন (ইন্না.....রাজিউন)।

তাঁর মৃত্যুজনিত কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন' ২০০৯ এর ৩৫(২) ধারার অর্পিত ক্ষমতাবলে আমি মোহাম্মদ হেলাল উদ্দিন, উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোণা-উক্ত ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি ২৪-১১-২০১৪ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

মোহাম্মদ হেলাল উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ সদর

বিজ্ঞপ্তি

তারিখ, ৬ নভেম্বর ২০১৪

নং ০৫.১২.৪৮৪৯.০০০.০২.০৮১.১৪-৫৯১—কিশোরগঞ্জ জেলাধীন কিশোরগঞ্জ সদর উপজেলার ৮নং মারিয়া ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের সদস্য জনাব আব্দুর রশিদ গত ২৯-১০-২০১৪ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করায় এবং চেয়ারম্যান, মারিয়া ইউনিয়ন পরিষদ, কিশোরগঞ্জ সদর কর্তৃক ০২-১১-২০১৪ খ্রিঃ তারিখে বিষয়টি অবগত করায় আমি এ. এস. এম ফেরদৌস, উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ সদর এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করিতেছি যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২)(১) ধারায় অর্পিত ক্ষমতাবলে কিশোরগঞ্জ জেলার কিশোরগঞ্জ সদর উপজেলাধীন ৮নং মারিয়া ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের সদস্য পদটি ২৯-১০-২০১৪ খ্রিঃ তারিখ হইতে শূন্য ঘোষণা করিলাম।

এ.এস. এম ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাতিয়া, নোয়াখালী।

বিজ্ঞপ্তি

তারিখ, ১৯ নভেম্বর ২০১৪

নং ০০.০০.৭৫৩৬.০০০.৪৬.০০৬.১৪-৬৯৬—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলাধীন হাতিয়া উপজেলার ৫নং চর ঈশ্বর ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ সদস্য জনাব সাখাওয়াত উল্যাহ, পিতাঃ আলী আহাম্মদ, মাতাঃ ছায়েরা খাতুন, গ্রামঃ পন্ডিত গ্রাম, পোঃ আফাজিয়া বাজার, উপজেলাঃ হাতিয়া, জেলাঃ নোয়াখালী গত ১৭-১১-২০১৪ খ্রি. তারিখে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাহে রাজেউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ এর (২) উপ-ধারার ক্ষমতাবলে আমি আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন, উপজেলা নির্বাহী অফিসার, হাতিয়া, নোয়াখালী এতদ্বারা সদস্য এর মৃত্যুজনিত কারণে একই আইনের ৩৫(১)(ঙ) ধারা মতে তাঁর মৃত্যুর তারিখ অর্থাৎ ১৭-১১-২০১৪ খ্রি. তারিখ হতে উক্ত ৫ নং চর ঈশ্বর ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মনোহরগঞ্জ, কুমিল্লা।

বিজ্ঞপ্তি

তারিখ, ২৭ নভেম্বর ২০১৪

নং ০৫.৫৫৬.০০৬.০০.০০১.২০১৪-৮৪০—এই মর্মে জানানো যাচ্ছে যে, মনোহরগঞ্জ উপজেলাধীন ০৫ নং ঝলম (দঃ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোশারফ হোসেন হাওলাদার, পিতামৃত-ইসমাইল হাওলাদার, গ্রাম-লাউলহরী, পোঃ-পোমাগাঁও বাজার, উপজেলা-মনোহরগঞ্জ, জেলা-কুমিল্লা গত ২৩-১১-২০১৪ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সদস্য/(মৃত্যুজনিত কারণে) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০১০ এর ৩৫ (১) ও (২) অনুচ্ছেদ অনুসারে আমি নিম্নস্বাক্ষরকারী কর্তৃক উল্লিখিত তারিখ হতে ০৫ নং ঝলম (দঃ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোশারফ হোসেন হাওলাদার, পিতামৃত-ইসমাইল হাওলাদার, গ্রাম-লাউলহরী, পো-পোমাগাঁও বাজার, উপজেলা-মনোহরগঞ্জ, জেলা-কুমিল্লা পদটি শূন্য ঘোষণা করলাম।

মোস্তফা মোরশেদ
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বদলগাছী, নওগাঁ।

বিজ্ঞপ্তি

তারিখ, ১১ অগ্রহায়ণ ১৪২১/২৫ নভেম্বর ২০১৪

নং ০৫.০৩.৬৪০৬.০০০.০৪.০১৬.১৪-১৩১৬—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ ধারা এর ৪(ক) উপধারা মোতাবেক নওগাঁ জেলার বদলগাছী উপজেলাধীন ৮নং বালুভরা ইউনিয়ন পরিষদের ৮নং ওয়ার্ডের সদস্য জনাব শ্রী জয় কুমার ঘোষ বিগত ১১-০৮-২০১৩ খ্রিঃ তারিখ হতে যথাক্রমে ০১-০৯-২০১৩, ২৪-১১-২০১৩ এবং ১৬-১২-২০১৩ খ্রিঃ তারিখে পরপর ৪টি ইউনিয়ন পরিষদের সাধারণ সভায় অজ্ঞাত কারণে অনুপস্থিত থাকায় স্বীয়পদ (ইউপি সদস্য) হতে অপসারণ যোগ্য হিসাবে বিবেচিত হওয়ায় চেয়ারম্যান, বালুভরা ইউপি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভার রেজুলেশন সহ পত্র প্রেরণ করেন। তদপ্রেক্ষিতে গত ০৬-১১-২০১৪ খ্রিঃ তারিখে ০৫.৪৩.৬৪০৬.০০০.০৪.০১৬.১৪-১২৫৭ নং স্মারকে তার স্বীয় ইউপি সদস্য পদ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) এর উপধারা (১) মোতাবেক কেন শূন্য ঘোষণা করা হবে না তা পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে সন্তোষজনক কারণ দর্শানোর নোটিশ প্রসেস সার্ভার কর্তৃক তার বাড়ীতে জারী করতে গেলে তাকে না পাওয়ায় লটকাইয়া জারী করা হয়। তার ছোট ভাই জানান যে, দীর্ঘ দিন থেকে তার ভাই নিরুদ্দেশ রয়েছে। এছাড়া তার কোন প্রকার আবেদনও পাওয়া যায়নি।

এমতাবস্থায় আমি মোঃ হুসাইন শওকত, উপজেলা নির্বাহী অফিসার, বদলগাছী, নওগাঁ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) এর উপধারা (১) মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে এ উপজেলাধীন বালুভরা ইউনিয়ন পরিষদের ৮নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব শ্রী জয় কুমার ঘোষ এর সদস্য পদ ২৫-১১-২০১৪ খ্রিঃ তারিখ থেকে এতদ্বারা শূন্য ঘোষণা করলাম।

মোঃ হুসাইন শওকত
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চৌহালী, সিরাজগঞ্জ।

বিজ্ঞপ্তি

তারিখ, ১৯ কার্তিক ১৪২১/৩ নভেম্বর ২০১৪

নং ০৫.৫০.৮৮২৭.০০০.০১.০০৪.১৩-৪২৪—জনাব মোঃ লাল মিয়া সরকার, ৩নং ওয়ার্ডের সাধারণ সদস্য, ৫নং খাষকাউলিয়া ইউনিয়ন পরিষদ, চৌহালী, সিরাজগঞ্জ গত ২৭-০৭-২০১৪ খ্রি. তারিখে বার্ধক্য জনিত কারণে নিজ বাসভবনে মৃত্যু বরণ করেন (ইন্না.....রাজিউন)। তার মৃত্যুর কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ইউনিয়ন পরিষদ আইন ও বিধিমালার ধারা ৩৫ এর (ঙ) উপ-ধারা অনুযায়ী উক্ত আসন গত ২৭-০৭-২০১৪ খ্রি. তারিখ হতে শূন্য ঘোষণা করা হলো।

মোঃ আব্দুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার (অঃদাঃ)।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধুনট, বগুড়া।

বিজ্ঞপ্তি

তারিখ, ৩০ অগ্রহায়ণ ১৪২১/১৪ ডিসেম্বর ২০১৪

নং ১৭.০৪.১০২৭.০০০.৪১.৭৯.১৪-৩১১(নির্বাচন)—বগুড়া জেলাধীন ধুনট উপজেলার ১০ নং গোপালনগর ইউনিয়ন পরিষদের ৯ নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ সদস্য মোঃ আবু ওহাব সরকার, পিতাঃ মৃত গিয়াস উদ্দিন সরকার, গ্রামঃ রাভিলা, ডাকঘরঃ ছাতিয়ানী, উপজেলাঃ ধুনট, জেলাঃ বগুড়া গত ২৯ নভেম্বর ২০১৪ খ্রিঃ তারিখ রোজ শনিবার হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেন (ইন্না লিল্লাহি.....রাজিউন)।

বর্ণিত ইউপি সদস্য মৃত্যুবরণের কারণে ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৩৫ ধারার (১) উপ-ধারার (ঙ) এবং (২) উপ-ধারার (১) অনুযায়ী আমি মোঃ হাফিজুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে, ধুনট উপজেলার ১০ নং গোপালনগর ইউনয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি ২৯ নভেম্বর ২০১৪ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

মোঃ হাফিজুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার।

[একই স্মারকে প্রতিস্থাপিত]
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

বিজ্ঞপ্তি

তারিখ, ১৭ নভেম্বর ২০১৪

নং ০৫.৫৫.৯৪৯৪.০০০.০০.০০০.২০১৪-১২৯৭—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) অধ্যাদেশ ২০০৯ এর ৩৫(১)(ঙ) ধারায় অর্পিত ক্ষমতাবলে এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্য (পদত্যাগ, অপসারণ ও পদশূন্যতা) বিধিমালা ২০০৯ এর ৩৫ (২) ধারা অনুযায়ী আমি, মোহাম্মদ গোলাম আজম, উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রচার করছি যে, অত্র উপজেলার ১৪নং রাজাগাঁও ইউনিয়ন পরিষদের ৭নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব মোঃ মাঈনুদ্দীন শরীফ, পিতা-মোঃ মিরাজুল ইসলাম, গ্রাম-রাজারামপুর, উপজেলা-ঠাকুরগাঁও সদর, জেলা-ঠাকুরগাঁও গত ৩০-০৯-২০১৪ ইং তারিখে মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি.....রাজিউন)।

অতএব, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) অধ্যাদেশ ২০০৯ এর ৩৫(২) ধারামতে তার মৃত্যুর তারিখ হতে উক্ত সদস্য পদটি শূন্য বলে ঘোষণা করলাম।

মোহাম্মদ গোলাম আজম
উপজেলা নির্বাহী অফিসার।

জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
স্থাবর সম্পত্তি অধিগ্রহণ বিধিমালা, ১৯৮২
স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল অধ্যাদেশ, ১৯৮২ এর অধীনে
অধিগ্রহণ কেস নং-০৮/২০১৩-২০১৪
ফরম "ঘ"
(৫নং বিধি দ্রষ্টব্য)
ঘোষণা
[১১(২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং ভূমি হুকুমদখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ)-এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইতেছে;

সেহেতু, এক্ষণে উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

জেলাঃ দিনাজপুর, উপজেলাঃ খানসামা, মৌজাঃ বিষ্ণুপুর, জে.এল নং-১১

খতিয়ান নং (এস.এ)	দাগ নং (এস.এ)	দাগের শ্রেণি (এস.এ)	দাগে মোট জমির পরিমাণ (একরে)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
১০৯	৬৩৪	ডাংগা	০.৭০	০.৩৩

সর্বমোট = সম্পত্তির পরিমাণ সর্বমোট ০.৩৩ একর কম/বেশী।
(জমির নক্সা ও দাগসূচি এই অফিসে সংরক্ষিত)

মোঃ এনামুল হক
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পটুয়াখালী সদর।

বিজ্ঞপ্তি

তারিখ, ০৯ ডিসেম্বর ২০১৪

নং ০৫.১০.৭৮৯৫.০০২.১১.০১৬.২০১৪-৮৪২—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক অর্পিত ক্ষমতাবলে আমি নুর আলম (পরিচিতি নং-১৫৮০৩), উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর, পটুয়াখালী এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রচার করছি যে, অত্র উপজেলার ৮নং মাদারবুনিয়া ইউনিয়নের ৭নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব মোহাম্মদ নাসির হাওলাদার মৃত্যুবরণ করায় (ইন্না লিল্লাহে.....রাজিউন) ৮নং মাদারবুনিয়া ইউনিয়ন পরিষদের ৭নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য পদটি ০৯-১২-২০১৪ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

নুর আলম
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পিরোজপুর সদর, পিরোজপুর।

বিজ্ঞপ্তি

তারিখ, ০১ অক্টোবর ২০১৪

নং ০৫.১০.৭৯৭৩.০০৫.১৮.০৫০.১৪-৫২০(৭)—পিরোজপুর জেলাধীন পিরোজপুর সদর উপজেলার ৫নং টোনা ইউনিয়ন পরিষদের ৩ নং সংরক্ষিত আসনের (ওয়ার্ড নং ৭, ৮, ৯) মহিলা সদস্য মলিনা রানী পাল, স্বামী-চিত্ত রঞ্জন পাল, গ্রাম-মূলগ্রাম, ডাকঘর-রায়েরকাঠী, পিরোজপুর সদর, জেলা-পিরোজপুর গত ২৪-০৯-২০১৪ খ্রিঃ তারিখ রোজ বুধবার সন্ধ্যা ৬.৪৫ মিঃ সময় তার নিজ বাসভবনে ইন্তেকাল করেন।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২) ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি মোঃ জাহাঙ্গীর হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর সদর, পিরোজপুর এতদ্বারা উক্ত সদস্যের মৃত্যুজনিত কারণে একই আইনের ৩৫(১) এর (ঙ) ধারামতে তার মৃত্যুর তারিখ অর্থাৎ ২৪-০৯-২০১৪ খ্রিঃ তারিখ হতে উক্ত ৫নং টোনা ইউনিয়ন পরিষদের ৩ নং সংরক্ষিত আসনের (ওয়ার্ড নং ৭, ৮, ৯) মহিলা সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

মোঃ জাহাঙ্গীর হোসেন
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।

বিজ্ঞপ্তি

তারিখ, ২৩ অগ্রহায়ণ ১৪২১/২৭ নভেম্বর ২০১৪

নং ৪৬.৪০.৫০.৭৯.৬৭৭.১৭.০১১.১৪-১১১৫—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক প্রদত্ত ক্ষমতাবলে আমি খোদেজা খাতুন, উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া এই মর্মে ঘোষণা করছি যে, কুষ্টিয়া সদর উপজেলাধীন ০৭ নং আইলচারা ইউনিয়ন পরিষদের ০৪ নং ওয়ার্ডের সাধারণ আসনে সদস্য হিসাবে নির্বাচিত জনাব মোঃ কাশেম আলী, পিং-মৃতঃ করম আলী, মাতাঃ মোছাঃ আনোয়ারা খাতুন, গ্রামঃ বল্লভপুর, পোঃ পোড়াদহ, উপজেলাঃ কুষ্টিয়া সদর, জেলাঃ কুষ্টিয়া গত ১৭-১১-২০১৪ খ্রিঃ তারিখে এন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে.....রাজেউন)।

এমতাবস্থায়, উক্ত ০৭ নং আইলচারা ইউনিয়ন পরিষদের ০৪ নং ওয়ার্ডের সাধারণ আসনে নির্বাচিত সদস্য পদটি ১৭-১১-২০১৪ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করা হলো।

খোদেজা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

বিজ্ঞপ্তি

তারিখ, ২৭ নভেম্বর ২০১৪

নং ০৫.৪৪.১৮৫৫.০০০.১৪.০০২.১৪-১০৬২—এই মর্মে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার আওতাধীন ০৬ নং রায়পুর ইউনিয়ন পরিষদের ০৬ ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব মোঃ শহর আলী, পিতা মৃত-হাসমত আলী, মাতাঃ মোছাঃ মমতাজ বেগম, গ্রামঃ পশ্চিম বাড়ান্দি ডাকঘরঃ রায়পুর, জীবননগর, চুয়াডাঙ্গা গত ২২-১০-২০১৪ খ্রিঃ তারিখ মৃত্যু বরণ করেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাহে রাজেউন)। এমতাবস্থায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫ এর ১(ঙ) এবং (২) অনুচ্ছেদ অনুসারে উল্লিখিত তারিখ থেকে ০৬ নং রায়পুর ইউনিয়ন পরিষদের ০৪ নং ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব শহর আলী, পিতামৃত-হাসমত আলী, মাতাঃ মোছাঃ মমতাজ বেগম, ডাকঘর, রায়পুর, উপজেলাঃ জীবননগর, জেলাঃ চুয়াডাঙ্গার সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

মোঃ নূরুল হাফিজ
উপজেলা নির্বাহী অফিসার।

সংশোধিত বিজ্ঞপ্তি

তারিখ, ২৯ নভেম্বর ২০১৪

নং ০৫.৪৪.১৮৫৫.০০০.১৪.০০২.১৪-১০৬৫—এই মর্মে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার আওতাধীন ০৬ নং রায়পুর ইউনিয়ন পরিষদের ০৬ ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব মোঃ শহর আলী, পিতামৃত-হাসমত আলী, মাতাঃ মোছাঃ মমতাজ বেগম, গ্রামঃ পশ্চিম বাড়ান্দি, ডাকঘরঃ রায়পুর, জীবননগর, চুয়াডাঙ্গা গত ২২-১০-২০১৪ খ্রিঃ তারিখ মৃত্যু বরণ করেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাহে রাজেউন)। এমতাবস্থায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ এর ১(ঙ) এবং (২) অনুচ্ছেদ অনুসারে উল্লিখিত তারিখ থেকে ০৬ নং রায়পুর ইউনিয়ন পরিষদের ০৬ নং ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব শহর আলী, পিতামৃত-হাসমত আলী, মাতাঃ মোছাঃ মমতাজ বেগম, ডাকঘরঃ রায়পুর, উপজেলাঃ জীবননগর, জেলাঃ চুয়াডাঙ্গার সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

মোঃ নূরুল হাফিজ
উপজেলা নির্বাহী অফিসার।

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

আদেশাবলী

তারিখ, ১১ ফাল্গুন ১৪২১/২৩ ফেব্রুয়ারি ২০১৫

নং ০৫.০৪.০০০০.০০৯.১৯.০০৪.০১/৫৮৬—কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়ের ০৩-০২-২০১৫ তারিখের সিএজি/জিবি-১/১৩(৭৩)/কল-২/৮২/খণ্ড-২০/৪৩ সংখ্যক অফিস আদেশমূলে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের প্রধান কার্যালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ শহীদ উল্যাকে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ে বদলি করায় বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্তে তাঁকে অদ্য ২৩-০২-২০১৫ তারিখ অপরাহ্নে প্রধান কার্যালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তার দায়িত্ব হতে এতদ্বারা অবমুক্ত করা হল।

২। অধিদপ্তরের প্রধান কার্যালয়ের হিসাব রক্ষণ কর্মকর্তা পদে নতুন কর্মকর্তা যোগদান না করা পর্যন্ত প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক (প্রশাসন-২) জনাব মোহাম্মদ আইয়ুব হিসাবরক্ষণ কর্মকর্তা পদের অতিরিক্ত দায়িত্ব পালন করবেন।

নং ০৫.০৪.০০০০.০০৯.৩২.০০৫.১২/৫৭০—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯-০৯-২০১৪ তারিখের ০৫.০০.০০০০.১৩১.১৯.০০৩.১৪-১০৮৮ সংখ্যক প্রজ্ঞাপনমূলে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরাধীন বাংলাদেশ স্টেশনারী অফিসের উপপরিচালক (উপসচিব) জনাব মীর মোঃ নজরুল ইসলাম (পরিচিতি নম্বর-৫৫৬৬)-কে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব হিসেবে বদলি করায় বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্তে তাঁকে অদ্য ২৩-০২-২০১৫ তারিখ অপরাহ্নে বাংলাদেশ স্টেশনারী অফিসের উপপরিচালকের দায়িত্ব হতে এতদ্বারা অবমুক্ত করা হল।

২। বাংলাদেশ স্টেশনারী অফিসের উপপরিচালক পদে নতুন কর্মকর্তা যোগদান না করা পর্যন্ত বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসের উপপরিচালক মোঃ আলমগীর হোসেন বাংলাদেশ স্টেশনারী অফিসের উপপরিচালক পদের অতিরিক্ত দায়িত্ব পালন করবেন।

একেএম মানজুরুল হক
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)।

আদেশ

তারিখ, ২১ ফাল্গুন ১৪২১/০৫ মার্চ ২০১৫

নং ডিপিএন্ডএস(বিএন্ডএ)-১২(২)/২০০৯/৬৬৮—মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরাধীন বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ের বাজেট অফিসার জনাব মোঃ রফিকুল ইসলামের চাকুরি বইতে লিপিবদ্ধ রেকর্ড অনুযায়ী জন্ম তারিখ ০২-০৪-১৯৫৬ হওয়ায় ০১-০৪-২০১৫ তারিখে তার বয়স ৫৯(উনষাট) হবে। ২০১২ সালে সংশোধিত "দি পাবলিক সার্ভেন্টস (রিটায়ারমেন্ট) এ্যাক্ট, ১৯৭৪ (Act No. XII of 1974)"-এর Section 4 অনুসারে ০১-০৪-২০১৫ তারিখে সরকারি চাকুরি হতে তিনি পিআরএল-এ যাবেন। তদনুযায়ী তিনি অবসর-উত্তর ছুটি ভোগ করার আবেদন করেছেন। অফিস রেকর্ড অনুযায়ী তার ০১ বৎসর ০৮ মাস ১০ দিন পূর্ণ গড় বেতনে এবং ০১ বছর ১১ মাস ২৩ দিন অর্ধ গড় বেতনে ছুটি পাওনা রয়েছে। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ নম্বর প্রজ্ঞাপন মোতাবেক এতদ্বারা জনাব মোঃ রফিকুল ইসলামকে ০২-০৪-২০১৫ তারিখ হতে ০১-০৪-২০১৬ পর্যন্ত ১২ (বার) মাস অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

২। "দি পাবলিক সার্ভেন্টস (রিটায়ারমেন্ট) এ্যাক্ট, ১৯৭৪"-এর ৭ ধারা মোতাবেক উক্ত ছুটি শেষে জনাব মোঃ রফিকুল ইসলাম সরকারি চাকুরি হতে পূর্ণ অবসর গ্রহণ করবেন।

একেএম মানজুরুল হক
মহাপরিচালক।

যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর

নোটিশসমূহ

তারিখ, ৯ ফেব্রুয়ারি ২০১৫

নং ২৬.০৬.০০০০.০০১.১৮.০০১.২০১৪/১৪০৪—এতদ্বারা কোম্পানী আইন ১৯৯৪ এর ৩৪৬ ধারার বিধান মতে D.G. Bangla Ltd. (Reg No. C-85096) কোম্পানীর নাম অদ্য হইতে নিবন্ধন বহি থেকে কাটিয়া (Struck Off) দেওয়া হ'ল এবং কোম্পানীটি বিলুপ্ত ঘোষণা করা হ'ল।

নং ২৬.০৬.০০০০.০০১.১৮.০০১.২০১৪/১৪০৫—এতদ্বারা কোম্পানী আইন ১৯৯৪ এর ৩৪৬ ধারার বিধান মতে Regent Jute Mills Ltd. (Reg No. C-88152) কোম্পানীর নাম অদ্য হইতে নিবন্ধন বহি থেকে কাটিয়া (Struck Off) দেওয়া হ'ল এবং কোম্পানীটি বিলুপ্ত ঘোষণা করা হ'ল।

আব্দুর রাজ্জাক হাওলাদার
সহকারী রেজিষ্ট্রার।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

শিক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ মাঘ ১৪২১/২৯ জানুয়ারি ২০১৫

বিষয়ঃ **"দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০১৫"**

নং ৩৭.২৪.০০.০০০.২২.০১৩.২০১৪-৩১৮—সকল প্রতিবন্ধী ও এতিম শিক্ষার্থী, ভূমিহীন, দুস্থ, নদীভাঙ্গন কবলিত ও অস্বচ্ছল মুক্তিযোদ্ধা পরিবারের এবং প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি/বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে ৩য় ও ৪র্থ শ্রেণির সকল কর্মচারীর মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং স্নাতক (পাস) বা সমমান পর্যায়ে অধ্যয়নরত সন্তানদের দুর্ঘটনায় গুরুতর আহত হয়ে অর্থাভাবে চিকিৎসা বঞ্চিত হয়ে শিক্ষায় ব্যঘাত না ঘটে, তথা তাদের শিক্ষা কার্যক্রমের ধারাবাহিকতা নিশ্চিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর অর্থে এককালীন আর্থিক অনুদান দেয়ার নিমিত্ত এ নীতিমালা প্রণয়ন করা হলো ঃ

২। **শিরোনাম :** এই নীতিমালা "দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০১৫" নামে অভিহিত হবে।

৩। **প্রয়োগ ও প্রবর্তন :**

(ক) এই নীতিমালা ০১ জানুয়ারি ২০১৫ তারিখ হতে কার্যকর হবে।

(খ) প্রতিবন্ধী ও এতিম শিক্ষার্থী, ভূমিহীন, দুস্থ, নদীভাঙ্গন কবলিত ও অস্বচ্ছল মুক্তিযোদ্ধা পরিবারের এবং প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি/বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত ও সাংবিধানিক প্রতিষ্ঠানে ৩য় ও ৪র্থ শ্রেণির সকল কর্মচারীর মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং স্নাতক (পাস) বা সমমান পর্যায়ে অধ্যয়নরত দুর্ঘটনায় গুরুতর আহত সন্তানদের জন্য এ নীতিমালা প্রযোজ্য হবে।

৪। **সংজ্ঞা :** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে এই নীতিমালায়—

(ক) "কর্মচারীর" অর্থ প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি/বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণির সকল কর্মচারী।

(খ) বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ আইন, ২০০১ এর ৩ ধারা মোতাবেক 'প্রতিবন্ধী' অর্থ এমন ব্যক্তি যিনি জন্মগতভাবে বা রোগাক্রান্ত হয়ে বা অপচিকিৎসা বা অন্য কোন কারণে দৈহিকভাবে বিকলাঙ্গ বা বুদ্ধিতে ভারসাম্যহীন; এবং উক্তরূপ বৈকল্য বা ভারসাম্যহীনতার ফলে স্থায়ীভাবে আংশিক বা সম্পূর্ণ কর্মক্ষমতাহীন, এবং স্বাভাবিক জীবনযাপনে অক্ষম। শ্রবণ প্রতিবন্ধী, দৃষ্টি প্রতিবন্ধী, বাক প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধী এবং শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি এ সংজ্ঞার আওতায় আসবে।

(গ) 'দুর্ঘটনায় আহত/গুরুতর আহত' অর্থ জেলা পর্যায়ে সিভিল সার্জন/সরকারি হাসপাতালের চিকিৎসক/ উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক আহত/গুরুতর আহত এর সমর্থনে প্রত্যয়নকৃত আবেদনকারী।

(ঘ) "বাছাই কমিটি" অর্থ দুর্ঘটনাজনিত কারণে আর্থিক অনুদান প্রদানের নিমিত্ত প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের জন্য এই নীতিমালা ৯(৭) নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি।

(ঙ) "আর্থিক অনুদান" অর্থ ৮নং অনুচ্ছেদে বর্ণিত শর্তানুযায়ী মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং স্নাতক (পাস) বা সমমান পর্যায়ে অধ্যয়নরত সন্তানদের আহত/গুরুতর আহত জনিত কারণে এককালীন আর্থিক অনুদান।

(চ) "নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ" অর্থ সংশ্লিষ্ট সরকারি/ বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ অথবা তার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ।

(ছ) "শিক্ষার্থী" অর্থ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং স্নাতক (পাস) বা সমমান পর্যায়ে অধ্যয়নরত ছাত্র ও ছাত্রী।

(জ) 'আবেদনপত্র' অর্থ এই নীতিমালার সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে দাখিলকৃত আবেদন।

৫। **তহবিল গঠন :** ট্রাস্ট এর অর্থে দুর্ঘটনার কারণে গুরুতর আহত দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদানের নিমিত্ত প্রাথমিক পর্যায়ে ট্রাস্টের (FDR) কৃত অর্থের সুদের/লভ্যাংশের অর্থ থেকে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা নিয়ে 'দুর্ঘটনায় আর্থিক অনুদান তহবিল' নামে পৃথক একটি তহবিল গঠন করা হবে। পরবর্তীতে কোন অনুদানের অর্থ, দানবীর/সমাজ হিতৈষী কোন ব্যক্তির আর্থিক অনুদান, আর্থিক সাহায্য এবং ট্রাস্ট তহবিলের সুদের/লভ্যাংশের অর্থ এ তহবিল গঠনে ব্যবহৃত হবে।

৬। **তহবিল পরিচালনা ও ব্যবস্থাপনা :** ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর একক স্বাক্ষরে এ তহবিল পরিচালিত হবে। আবেদন প্রাপ্তির পর যাচাই করে যুক্তিযুক্ত হলে শিক্ষার্থী প্রতি ১০,০০০ হতে ২৫,০০০ টাকা পর্যন্ত অনুদান প্রদান করা হবে।

৭। **উদ্দেশ্য :** দুর্ঘটনার কারণে গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের অর্থাভাবে চিকিৎসা বঞ্চিত হয়ে শিক্ষায় যাতে ব্যঘাত না ঘটে, তথা তাদের শিক্ষা কার্যক্রমের ধারাবাহিকতা নিশ্চিত করা।

৮। আর্থিক অনুদান প্রাপ্তির শর্তাবলি :

ক) যোগ্য শিক্ষার্থীর অভিভাবক/পিতা-মাতাকে ৭৫ শতাংশের কম জমির মালিক হতে হবে;

খ) অভিভাক/পিতা-মাতার বাৎসরিক আয় ৭৫,০০০ টাকার কম হতে হবে;

গ) প্রতিবন্ধী ও এতিম শিক্ষার্থী, ভূমিহীন, দুস্থ, নদীভাঙ্গন কবলিত ও অস্বচ্ছল মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান আর্থিক অনুদানের প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;

গ) দুর্ঘটনার প্রমাণে চিকিৎসা সনদসহ যাবতীয় খরচাদি;

ঙ) প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি/বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীর সন্তান।

৯। বাস্তবায়ন প্রক্রিয়া :

(১) শিক্ষার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত সে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবর নির্ধারিত ফরমে আবেদন করবে। এ ছাড়া সংশ্লিষ্ট জেলা প্রশাসক, আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবরও আবেদন করা যাবে। তবে, ঐ সকল আবেদনপত্রে প্রতিষ্ঠান প্রধান বা স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌরসভা মেয়র এর 'শিক্ষার্থী দরিদ্র ও মেধাবী' মর্মে প্রত্যয়ন ও দুর্ঘটনার প্রমাণে চিকিৎসা সনদসহ দাখিল করতে হবে। প্রতিষ্ঠান প্রধান সঠিক আবেদনপত্রসমূহ ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট বরাবর প্রেরণ করবেন।

(২) বেসামরিক সরকারি/বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীর সন্তানগণ আবেদনপত্রের সাথে আবেদনকারীর পিতা-মাতা/অভিভাবক যে প্রতিষ্ঠানে কর্মরত আছেন, আবেদনপত্রে 'শিক্ষার্থী দরিদ্র ও মেধাবী' মর্মে সে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন ও দুর্ঘটনার প্রমাণে চিকিৎসা সনদসহ দাখিল করতে হবে।

(৩) কোন আবেদনকারী এক অর্থ বছরে একবারের বেশী আবেদন করতে পারবেন না।

(৪) আবেদনপত্রে ইচ্ছাকৃতভাবে কোন ভুল তথ্য প্রদান করা হলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। এরূপ অনিয়ম সনাক্ত হলে আবেদনকারী এবং প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অনুদান প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বিবেচিত হবে।

(৫) আবেদনপত্রে অনিচ্ছাকৃত কোন ত্রুটি হলে বা লঘু কোন ত্রুটি থাকলে জেলা প্রশাসক, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা এবং জেলা শিক্ষা অফিসারের সুপারিশক্রমে ব্যবস্থাপনা পরিচালক তা বিবেচনা করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(৬) আবেদনপ্রাপ্তির পর যাচাই-বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষ শিক্ষার্থীকে অনুদান প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(৭) আবেদনসমূহ যাচাইয়ের জন্য নিম্নোক্তভাবে বাছাই কমিটি গঠন করা হলো :

ক)	পরিচালক (যুগ্ম-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট	-	আহ্বায়ক
খ)	উপ-পরিচালক (উপ-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট	-	সদস্য
গ)	সিভিল সার্জন (বাংলাদেশ সচিবালয়)-এর ০১ জন প্রতিনিধি	-	সদস্য
ঘ)	শিক্ষা মন্ত্রণালয়ের ০১ জন প্রতিনিধি, সচিব, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত	-	সদস্য
ঙ)	মহা পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর ০১ জন প্রতিনিধি	-	সদস্য
চ)	সহকারী পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট	-	সদস্য-সচিব

(৮) **বাছাই কমিটির কার্যপরিধি :**

(ক) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত সকল আবেদনপত্র অত্র নীতিমালার আওতায় যাচাইবাছাই করে যোগ্য ও অযোগ্য আবেদনপত্রের তালিকা প্রস্তুত করে সুপারিশসহ তা ব্যবস্থাপনা পরিচালকের নিকট পেশ করা;

(খ) কোন আবেদনপত্রে আবেদনকারী বা প্রধান শিক্ষকের ইচ্ছাকৃত কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা তাৎক্ষণিকভাবে চিহ্নিত করে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের বরাবর সুপারিশ প্রণয়ন করা;

(গ) কমিটি প্রতি অর্থ বছরে ৩টি সভা অনুষ্ঠান করবে এবং সুপারিশসহ নামের তালিকা যথাযথ কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য পেশ করবে ;

(ঘ) সংশোধনযোগ্য আবেদনপত্রসমূহ চিহ্নিত করে পরবর্তীতে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নিকট পেশ করা।

(৯) আবেদনপত্র চূড়ান্তভাবে অনুমোদিত হওয়ার পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট শিক্ষার্থীর অনুদানের চেক প্রেরণ করা হবে। উক্ত চেক প্রতিষ্ঠান প্রধান তাঁর সঞ্চয়ী হিসাবে জমা করবেন। পরবর্তীতে প্রতিষ্ঠান প্রধান সঞ্চয়ী হিসাব থেকে অর্থ উত্তোলন করে সংশ্লিষ্ট শিক্ষার্থীর বরাবর নগদ অর্থ প্রদান করবেন এবং অনুদান গ্রহীতার প্রাপ্তিস্বীকারপত্র ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে প্রেরণ করবেন।

মোঃ নূরুল আমিন
ব্যবস্থাপনা পরিচালক (অতি: সচিব)।

আবেদন ফরম

আবেদনকারীর এক কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটো

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক,
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
শিক্ষা মন্ত্রণালয়
সড়ক নং ১২/এ, বাড়ী নং ৪৪ (২য় তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৯।

বিষয় : দুর্ঘটনার কারণে গুরুতর আহত দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদানের আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি----------প্রতিষ্ঠানে----------শ্রেণিতে অধ্যয়নরত আছি। গত---------- তারিখে আমি দুর্ঘটনার কারণে গুরুতর আহত হয়েছি। আমি প্রতিবন্ধী শিক্ষার্থী/এতিম শিক্ষার্থী/ভূমিহীন পরিবারের সন্তান/অস্বচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/নদীভাঙ্গন কবলিত পরিবারের সন্তান/দুস্থ পরিবারের সন্তান/৩য় ও ৪র্থ শ্রেণির সরকারি/বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীর মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং স্নাতক (পাস) বা সমমান পর্যায়ে অধ্যয়নরত সন্তান (প্রয়োজনীয় অংশ টিক [√] দিতে হবে)। আমি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে দুর্ঘটনার কারণে গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী হিসেবে এককালীন আর্থিক অনুদানপ্রাপ্তির জন্য আবেদন করছি। নিম্নে প্রয়োজনীয় তথ্যাদি আপনার সদয় অবগতির জন্য পেশ করলাম।

আবেদনকারীর নাম :

পিতা :

মাতা :

স্থায়ী ঠিকানা :

অভিভাবকের আর্থসামাজিক অবস্থা :

শিক্ষাগত যোগ্যতা : পেশা : জমির পরিমাণ :..... (একর)

বার্ষিক আয় : পরিবারের সদস্য সংখ্যা :

জন্ম তারিখ (জন্ম নিবন্ধন সনদ সংযুক্ত করতে হবে) :

জাতীয় পরিচয়পত্র (যদি থাকে, সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে) :

৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীর সন্তানগণের আবেদনপত্রের সাথে পিতা মাতা-অভিভাবকের কর্মরত প্রতিষ্ঠান প্রধানের প্রত্যায়নপত্র/সুপারিশ :

ফোন/মোবাইল :

ক্ষতিগ্রস্ত অংগের বিবরণ (আহত হয়েছে এর সমর্থনে সকল ডাক্তারি সার্টিফিকেট দাখিল করতে হবে) :

আমি প্রতিজ্ঞাপূর্বক ঘোষণা করছি যে, এ আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং আমি কোন তথ্য গোপন করিনি বা কোন মিথ্যা তথ্য সংযোজন করিনি।

অতএব আমার আবেদন সদয় বিবেচনাপূর্বক আর্থিক অনুদান মঞ্জুরের জন্য বিনীত অনুরোধ করছি।

আমার জানামতে আবেদনকারীর আবেদনে বর্ণিত তথ্যাদি সত্য।
আমি তাকে আর্থিক অনুদানের জন্য সুপারিশ করছি।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ
বর্তমান ঠিকানা

প্রতিষ্ঠানের প্রধানের নাম, স্বাক্ষর ও সীল

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ মাঘ ১৪২১/২৯ জানুয়ারি ২০১৫

বিষয় : "দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা নীতিমালা, ২০১৫"

নং ৩৭.২৪.০০.০০০.২২.০০৩.২০১৪-৩১৯—অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট গঠন করা হয়। বর্তমানে ট্রাস্টের মাধ্যমে ভর্তিকৃত ছাত্রীদের বইপত্র ক্রয়, বেতন ও পরীক্ষার ফিস বাবদ অর্থ সহায়তা প্রদান করা হচ্ছে। কিন্তু, অর্থের অভাবে যে সকল দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী বিদ্যালয়/মাদ্রাসা/কলেজে/বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারে না, তাদের ট্রাস্টের অর্থে ভর্তির সুযোগ করে দেয়ার নিমিত্ত নিম্নরূপ নীতিমালা/প্রণয়ন করা হলো :

১। **শিরোনাম :** এই নীতিমালা "দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা নীতিমালা, ২০১৫" নামে অভিহিত হবে।

২। **প্রয়োগ ও প্রবর্তন :**

(ক) এ নীতিমালা ০১ জানুয়ারি ২০১৫ খ্রি: তারিখ হতে কার্যকর হবে।

(খ) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং স্নাতক (পাস) বা সমমান পর্যায়ে ভর্তিচ্ছুক প্রতিবন্ধী, এতিম শিক্ষার্থী এবং দুস্থ, ভূমিহীন, নদীভাঙ্গন কবলিত ও অস্বচ্ছল মুক্তিযোদ্ধা পরিবারের এবং প্রজাতন্ত্রের বে-সামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি/বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণির সকল কর্মচারীর ভর্তিচ্ছুক সন্তানদের জন্য এ নীতিমালা প্রযোজ্য।

৩। **সংজ্ঞা :** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকলে এই নীতিমালায় :

(ক) বাংলাদেশ প্রতিবন্ধী কল্যান আইন, ২০০১ এর ৩ ধারা মোতাবেক 'প্রতিবন্ধী' অর্থ এমন ব্যক্তি যিনি জন্মগতভাবে বা রোগাক্রান্ত হয়ে বা অপচিকিৎসা বা অন্য কোন কারণে দৈহিকভাবে বিকলাঙ্গ বা বুদ্ধিতে ভারসাম্যহীন; এবং উক্তরূপ বৈকল্য বা ভারসাম্যহীনতার ফলে স্থায়ীভাবে আংশিক বা সম্পূর্ণ কর্মক্ষমতাহীন এবং স্বাভাবিক জীবনযাপনে অক্ষম। শ্রবণ প্রতিবন্ধী, দৃষ্টি প্রতিবন্ধী, বাক প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধী এবং শারিরীক প্রতিবন্ধী ব্যক্তি এ সংজ্ঞার আওতায় আসবে।

(খ) 'কর্মচারী' অর্থ প্রজাতন্ত্রের বে-সামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি/বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত ও সাংবিধানিক প্রতিষ্ঠানে ৩য় ও ৪র্থ শ্রেণির সকল কর্মচারী।

(গ) 'বাছাই কমিটি' অর্থ আর্থিক অনুদান প্রদানের নিমিত্ত প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের জন্য এই নীতিমালার ৮(৯) নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি।

(ঘ) 'আর্থিক অনুদান' অর্থ এ নীতিমালার ২(খ) নং অনুচ্ছেদ অনুযায়ী মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং স্নাতক (পাস) বা সমমান পর্যায়ে ভর্তিচ্ছুক সন্তানদের এককালিন আর্থিক অনুদান।

(ঙ) 'নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ' অর্থ সংশ্লিষ্ট সরকারি/বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ অথবা তার দ্বারা ক্ষমতা প্রাপ্ত কর্তৃপক্ষ।

(চ) 'শিক্ষার্থী' অর্থ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং স্নাতক (পাস) বা সমমান পর্যায়ে ভর্তিচ্ছুক শিক্ষার্থী।

(ছ) 'আবেদনপত্র' অর্থ-এই নীতিমালার সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে দাখিলকৃত আবেদন।

৪। **তহবিল গঠন :** ট্রাস্ট এর অর্থে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ভর্তির সুযোগ করে দেয়ার লক্ষ্যে প্রাথমিক পর্যায়ে ট্রাস্টের FDR কৃত অর্থের সুদের/লভ্যাংশের অর্থ থেকে অন্তত: ৫.০০ (পাঁচ) লক্ষ টাকায় 'ভর্তি তহবিল' নামে পৃথক একটি তহবিল গঠন করা হবে। পরবর্তীতে কোন অনুদানের অর্থ, দানবীর/সমাজ হিতৈষী কোন ব্যক্তির আর্থিক অনুদান, আর্থিক সাহায্য এবং ট্রাস্ট তহবিলের সুদের/লভ্যাংশের অর্থ এ তহবিল গঠনে ব্যবহৃত হবে।

৫। **তহবিল পরিচালনা ও ব্যবস্থাপনা :** ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর একক স্বাক্ষরে এ তহবিল পরিচালিত হবে। আবেদন প্রাপ্তির পর যাচাই করে যুক্তিযুক্ত বিবেচিত হলে মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী প্রতি ২,০০০ (দুই হাজার) টাকা, উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৩,০০০ (তিন হাজার) টাকা এবং স্নাতক (পাস) বা সমমান পর্যায়ের শিক্ষার্থীদের ৫,০০০ (পাঁচ হাজার) টাকা পর্যন্ত ভর্তির জন্য অনুদান প্রদান করা হবে।

৬। **উদ্দেশ্য : এ নীতিমালা গঠনের উদ্দেশ্য হবে নিম্নরূপ—**

(ক) সকলের জন্য শিক্ষা নিশ্চিতকরণ;

(খ) শিক্ষার্থী ঝরে পড়া রোধকরণ;

(গ) বাল্য বিবাহ প্রতিরোধ;

(ঘ) শিক্ষার প্রসার ঘটানো;

(ঙ) মানব সম্পদ উন্নয়ন।

৭। **আর্থিক অনুদান প্রাপ্তির শর্তাবলি ঃ**

(ক) যোগ্য শিক্ষার্থীর অভিভাবক/পিতা-মাতাকে ৭৫ শতাংশের কম জমির মালিক হতে হবে।

(খ) অভিভাবক/পিতা-মাতার বাৎসরিক আয় ৭৫,০০০/-টাকার কম হতে হবে।

(গ) ভূমিহীন, প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম, অস্বচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান, নদীভাঙ্গন কবলিত এবং দুস্থ পরিবারের সন্তান আর্থিক অনুদানের প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;

(ঘ) প্রজাতন্ত্রের বে-সামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি/বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত ও সাংবিধানিক প্রতিষ্ঠানে ৩য় ও ৪র্থ শ্রেণির সকল কর্মচারীর সন্তান আর্থিক অনুদান প্রাপ্তির যোগ্য বিবেচিত হবে।

৮। **বাস্তবায়ন প্রক্রিয়া :**

(১) শিক্ষার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক, সে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবর নির্ধারিত ফরমে আবেদন করবে। এ ছাড়া সংশ্লিষ্ট জেলা প্রশাসক, আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবরও আবেদন করা যাবে। তবে ঐ সকল আবেদনপত্রে প্রতিষ্ঠান প্রধান বা স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌরসভা মেয়র এর 'শিক্ষার্থী দরিদ্র ও মেধাবী' মর্মে প্রত্যয়ন যুক্ত করতে হবে। প্রতিষ্ঠান প্রধান সঠিক আবেদনপত্রসমূহ ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট বরাবর প্রেরণ করবেন।

(২) বে-সামরিক সরকারি/বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীর সন্তানগণ আবেদনপত্রের সাথে আবেদনকারীর পিতা-মাতা/অভিভাবক যে প্রতিষ্ঠানে কর্মরত আছেন, আবেদনপত্রে 'শিক্ষার্থী দরিদ্র ও মেধাবী' মর্মে সে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন থাকবে।

(৩) কোন আবেদনকারী এক অর্থ বছরে একবারের বেশী আবেদন করতে পারবেন না।

(৪) আবেদনকারী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করেছে, সে প্রতিষ্ঠানের নাম আবেদনপত্রে উল্লেখ করে সর্বশেষ যে শ্রেণিতে বা পরীক্ষায় পাস বা উত্তীর্ণ হয়েছে তার সত্যায়িত সনদপত্র/সার্টিফিকেট সংযোজন করতে হবে।

(৫) আবেদনকারী যে শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক, সে শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পূর্বে অনুদান প্রাপ্তির জন্য আবেদন করতে হবে।

(৬) আবেদনপত্রে ইচ্ছাকৃতভাবে কোন ভুল তথ্য প্রদান করা হলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। এরূপ অনিয়ম সনাক্ত হলে আবেদনকারী এবং প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অনুদান প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বিবেচিত হবে।

(৭) আবেদনপত্রে অনিচ্ছাকৃত কোন ত্রুটি হলে বা লঘু কোন ত্রুটি থাকলে জেলা প্রশাসক, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা এবং জেলা শিক্ষা অফিসারের সুপারিশক্রমে ব্যবস্থাপনা পরিচালক তা বিবেচনা করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(৮) আবেদন প্রাপ্তির পর যাঁচাই-বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষ শিক্ষার্থীকে অনুদান প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(৯) আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইয়ের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠিত হবে :

(ক)	পরিচালক (যুগ্ম-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট	- আহ্বায়ক
(খ)	উপ-পরিচালক (উপ-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট	- সদস্য
(গ)	শিক্ষা মন্ত্রণালয়ের ০১ জন প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত	- সদস্য
(ঘ)	মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর ০১ জন প্রতিনিধি	- সদস্য
(ঙ)	সহকারী পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট	- সদস্য সচিব

৯। **বাছাই কমিটির কার্যপরিধি :**

ক) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত সকল আবেদনপত্র অত্র নীতিমালার আওতায় যাচাই-বাছাই করে যোগ্য ও অযোগ্য আবেদনপত্রের তালিকা প্রস্তুত করে সুপারিশসহ তা ব্যবস্থাপনা পরিচালকের নিকট পেশ করা;

খ) কোন আবেদনপত্রে আবেদনকারীর বা প্রধান শিক্ষকের ইচ্ছাকৃত কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা তাৎক্ষণিকভাবে চিহ্নিত করে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের বরাবর সুপারিশ প্রণয়ন করা;

গ) কমিটি প্রতি অর্থ বছরে ০৩টি সভা অনুষ্ঠান করবে এবং সুপারিশসহ নামের তালিকা যথাযথ কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য পেশ করবে।

ঘ) সংশোধনযোগ্য আবেদনপত্রসমূহ চিহ্নিত করে পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করা।

১০। আবেদনপত্র চূড়ান্তভাবে অনুমোদিত হওয়ার পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট শিক্ষার্থীর অনুদানের চেক প্রেরণ করা হবে। উক্ত চেক প্রতিষ্ঠান প্রধান তাঁর সঞ্চয়ী হিসাবে জমা করবেন। পরবর্তীতে প্রতিষ্ঠান প্রধান সঞ্চয়ী হিসাব থেকে অর্থ উত্তোলন করে সংশ্লিষ্ট শিক্ষার্থীর বরাবর নগদ অর্থ প্রদান করবেন এবং অনুদান গ্রহীতার প্রাপ্তিস্বীকার পত্র ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে প্রেরণ করবেন।

মোঃ নূরুল আমিন
ব্যবস্থাপনা পরিচালক (অতি: সচিব)।

আবেদন ফরম

আবেদনকারীর এক কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটো

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক,
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
শিক্ষা মন্ত্রণালয়
সড়ক নং ১২/এ, বাড়ী নং ৪৪ (২য় তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৯।

বিষয় : দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদানের আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি----------প্রতিষ্ঠানে----------শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক। আমি প্রতিবন্ধী/এতিম শিক্ষার্থী/ভূমিহীন পরিবারের সন্তান/অস্বচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/নদীভাঙ্গন কবলিত পরিবারের সন্তান/দুস্থ পরিবারের সন্তান/৩য় ও ৪র্থ শ্রেণির সরকারি/বেসরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীর সন্তান (প্রয়োজনীয় অংশ টিক [√] দিতে হবে)। আমি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হবার নিমিত্ত আর্থিক অনুদান প্রাপ্তির জন্য আবেদন করছি। নিম্নে প্রয়োজনীয় তথ্যাদি আপনার সদয় অবগতির জন্য পেশ করলাম।

আবেদনকারীর নাম :

পিতা :

মাতা ;

স্থায়ী ঠিকানা :

অভিভাবকের আর্থসামাজিক অবস্থা :

শিক্ষাগত যোগ্যতা : পেশা : জমির পরিমাণ :..... (একর)

বার্ষিক আয় : পরিবারের সদস্য সংখ্যা :

জন্ম তারিখ (জন্ম নিবন্ধন সনদ সংযুক্ত করতে হবে) :

জাতীয় পরিচয়পত্র (যদি থাকে, সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে) :

৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীর সন্তানগণের আবেদন পত্রের সাথে পিতা মাতা/অভিভাবকের কর্মরত প্রতিষ্ঠান প্রধানের

প্রত্যয়নপত্র/সুপারিশ :

ফোন/ মোবাইল :

আমি প্রতিজ্ঞাপূর্বক ঘোষণা করছি যে, এ আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং আমি কোন তথ্য গোপন করিনি বা কোন মিথ্যা তথ্য সংযোজন করিনি।

অতএব আমার আবেদন সদয় বিবেচনাপূর্বক আর্থিক অনুদান মঞ্জুরের জন্য বিনীত অনুরোধ করছি।

আমার জানামতে আবেদনকারীর আবেদনে বর্ণিত তথ্যাদি সত্য।
আমি তাকে আর্থিক অনুদান প্রদানের জন্য সুপারিশ করছি।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ
বর্তমান ঠিকানা

প্রতিষ্ঠান প্রধানের নাম, স্বাক্ষর ও সীল